

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ০৯ মার্চ, ২০২৬ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৯-০৩-২০২৬ তারিখ জনাব সিরাজুম মুনীরা কায়ছান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে মতিঝিল কিচেন ইয়ার্ড, ১৭, মতিঝিল, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টটিতে পরিষ্কার পরিচ্ছন্নতার ঘাটতি পরিলক্ষিত হয় অর্থাৎ যথাযথ লেবেল রান্নাঘরে তেলাপোকার উপস্থিতি পরিলক্ষিত হয়; পঁচা-বাসী দুর্গন্ধ খাবার রেফ্রিজারেটরে মজুদ করতে দেখা যায়; টাইলস ভাঙা ও নোংরা অবস্থায় পরিলক্ষিত হয়; মরিচাধরা শেকের ভিতর খাবারের সাথে অপ্রয়োজনীয় জিনিসপত্র মজুদ করতে দেখা যায়; আমদানিকারকের তথ্যবিহীন পেনি পাস্তা ও এমডিএইচ মশলা সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও হালনাগাদকৃত পেস্ট কন্ট্রোল প্রমাণক ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক ৩,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, গত ০৪-০৯-২০২৫ খ্রি. তারিখে উক্ত রেস্টুরেন্টটিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং ৩০ দিনের সময় দিয়ে অঞ্জীকারনামা নেয়া হয়। কিন্তু অদ্যবধি প্রায় ৬ মাস পাড় হয়ে গেলেও রেস্টুরেন্ট কর্তৃপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করেন নি।


০৯.০৩.২০২৬

বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।